

চট্টগ্রাম সিটি কর্পোরেশন

জনসংযোগ শাখা

চট্টগ্রাম

মোবাইল নং- ০১৮২৪৪৭৭৬৯৩



শেখ হাসিনার মূলনীতি
গ্রাম শহরের উন্নতি

(প্রেস বিজ্ঞপ্তি)

১৪ সেপ্টেম্বর ২০২২ খ্রি.

সিটি মেয়রের সাথে নগর বাইশ মহল্লা কমিটির সাক্ষাত

আপীল বোর্ডের সিদ্ধান্তে কোন করদাতা অসন্তুষ্ট হলে তাও বিবেচনা করা হবে

চট্টগ্রাম সিটি কর্পোরেশনের মেয়র মো. রেজাউল করিম চৌধুরী বলেছেন, নগরীর গৃহকর নিয়ে হীনস্বার্থ চরিতার্থ করার লক্ষ্যে একটি মহল প্রপাগণ্ডা ছড়াচ্ছে। আমার নির্বাচনী ইশতেহারের ঘোষণা অনুযায়ী কোন প্রকার পৌরকর বৃদ্ধি করা হয়নি। তবে ২০১৭ সালের ধার্যকৃত করের যেসব অসংগতি আছে তা দূর করার জন্য আপীল বোর্ড গঠন করা হয়েছে। আপীলের সম্মুখীন হওয়া ছাড়া এই অসংগতি দূর করার কোন সুযোগ নেই। আজ বুধবার সকালে নগর বাইশ মহল্লা কমিটির নেতৃবৃন্দ সিটি মেয়রের সাথে তাঁর টাইগারপাসসহ অফিসে সাক্ষাত করতে এলে তিনি একথা বলেন। নগর বাইশ মহল্লা কমিটির সভাপতি মো. ইউসুফ সর্দারের নেতৃত্বে সে সময় আরো উপস্থিত ছিলেন-কমিটির সিনিয়র সহসভাপতি শওকত হোসাইন কামরু, সাবেক কমিশনার আলী বক্স, সালাউদ্দিন ইবনে আহমেদ, মোহাম্মদ তারেক ও জাহিদ হোসেন প্রমুখ।

মেয়র রেজাউল করিম চৌধুরী বলেন, পৌরকর সহনীয় পর্যায়ে আনার জন্য ২০১৭ সালে মূল্যায়নকৃত গৃহকর নিয়ে সৃষ্ট জটিলতা নিরসনের লক্ষ্যে পূর্বের বকেয়া পরিশোধ করে আপীলের মাধ্যমে তা নিরসন করার জন্য নগরবাসীকে অবহিত করা হয়েছে। তিনি বলেন, গৃহকর মূল্যায়ন ও আপীল বিষয়ে নগরবাসীর বিভিন্ন অভিযোগের প্রেক্ষিতে আপীল বা কর পরিশোধ করতে গিয়ে চসিকের কোন কর্মকর্তা-কর্মচারী দ্বারা হয়রানির শিকার হন সেক্ষেত্রে আমার পিএস অথবা রাজস্ব কর্মকর্তাকে অবহিত করার জন্য স্থানীয় সকল পত্রিকায় যোগাযোগের নম্বরসহ বিজ্ঞপ্তি প্রচার করা হয়েছে। নগরবাসীর কোন অভিযোগ থাকলে সংশ্লিষ্ট কর্মকর্তাদের সাথে যোগাযোগ করতে পারবেন। মেয়র পুনঃউল্লেখ করে বলেন, আপীল বোর্ডের সিদ্ধান্তে কোন করদাতা অসন্তুষ্ট হলে তাও বিবেচনা করা হবে। এবিষয়ে কোন প্রকার বিশ্রান্ত না হওয়ার জন্যও মেয়র নগরবাসীর প্রতি আহ্বান জানান।

তিনি নগরীর যানবাহন ও জনসাধারণের চলাচলে প্রতিবন্ধকতা দূর করতে চলমান অবৈধ স্থাপনা উচ্ছেদ কার্যক্রমে বাইশ মহল্লা সর্দার কমিটির সহযোগিতা কামনা করে বলেন, চসিকের দুই জন ম্যাজিস্ট্রেট ও পরিচ্ছন্ন বিভাগ প্রতিদিন অবৈধ স্থাপনা উচ্ছেদ করে যাচ্ছে। উচ্ছেদকৃত স্থান যাতে পুনরায় দখল করতে না পারে সে ব্যাপারে আপনারা গুরুত্বপূর্ণ ভূমিকা রাখতে পারেন।

নগর বাইশ মহল্লা সর্দার কমিটির সভাপতি ইউসুফ সর্দার বলেন, আপীল কার্যক্রমে আমরা সন্তোষ প্রকাশ করছি। তবে কিছু কিছু ক্ষেত্রে আমাদের কাছে অনিয়মের অভিযোগ আসছে সে সকল অনিয়ম দূর করতে হবে। তিনি সিটি কর্পোরেশনের সংশ্লিষ্ট কর্মকর্তা-কর্মচারীদের এ বিষয়ে আরো সতর্ক হওয়ার জন্য মেয়রের হস্তক্ষেপ কামনা করেন।

চসিক ভ্রাম্যমাণ আদালত

অবৈধ স্থাপনা উচ্ছেদ ও এডিস মশার বংশ বিস্তারোধে অভিযান

চট্টগ্রাম সিটি কর্পোরেশনের উদ্যোগে আজ বুধবার নগরীতে মোবাইল কোর্ট পরিচালিত হয়। চসিক নির্বাহী ম্যাজিস্ট্রেট মারুফা বেগম নেলী পরিচালিত অভিযানে নগরীর বায়জিদ বোস্তামী রোডের ফুটপাথ, নালা ও রাস্তার অংশ দখল করে গড়ে উঠা শতাধিক অবৈধ দোকানপাট ও স্থাপনা উচ্ছেদ করে ফুটপাথ ও রাস্তা দখলমুক্ত করা হয়। অভিযানে অংশ নেন সিটি মেয়রের একান্ত সচিব ও প্রধান পরিচ্ছন্ন কর্মকর্তা মুহাম্মদ আবুল হাশেম।

স্পেশাল ম্যাজিস্ট্রেট মনীষা মহাজন পরিচালিত অপর অভিযানে বাকলিয়া কল্ললোক আবাসিক এলাকায় তিনটি নির্মানাধীন ভবনের নীচে এডিস মশা বংশ বিস্তারে জমাটবদ্ধ পানির উৎস পাওয়ায় ভবন মালিকদের বিরুদ্ধে মামলা রুজু পূর্বক ১২ হাজার টাকা জরিমানা আদায় করা হয় এবং ভ্রাম্যমাণ আদালতের উপস্থিতিতে জমাট পানি নিষ্কাশনের ব্যবস্থা করা হয়। পরবর্তীতে পানি জমা থাকলে তা দ্রুত নিষ্কাশনের ব্যবস্থা নেওয়ার জন্য কঠোরভাবে ভবন মালিকদের নির্দেশনা প্রদান করা হয়। অভিযানকালে সিটি কর্পোরেশনের সংশ্লিষ্ট বিভাগের কর্মকর্তা-কর্মচারী, চট্টগ্রাম মেট্রোপলিটন পুলিশ ও বায়জিদ থানা পুলিশ ম্যাজিস্ট্রেটগণকে সহায়তা প্রদান করেন।

স্বাক্ষরিত/-

(কালাম চৌধুরী)

জনসংযোগ কর্মকর্তা (অতিরিক্ত দায়িত্ব)

চট্টগ্রাম সিটি কর্পোরেশন

মোবাইল-০১৮২৪-৪৭৭৬৯৩